

বাংলা একাডেমির ফেলোশিপ পেলেন সাত বিশিষ্ট ব্যক্তি

নিজস্ব প্রতিবেদক >

দেশের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখায় সাতজনকে 'বাংলা একাডেমি সম্মানসূচক ফেলোশিপ ২০১৫' দেওয়া হয়েছে। এ ছাড়া নির্দিষ্ট কয়েকটি বিভাগে অবদান রাখায় পুরস্কৃত করা হয়েছে আরো চারজনকে। গতকাল শনিবার বাংলা একাডেমির ৩৮তম বার্ষিক সাধারণ সভায় এসব সম্মাননা ও পুরস্কার দেওয়া হয়। একাডেমি প্রাঙ্গণে আয়োজিত এ অনুষ্ঠান শিল্প-সাহিত্য-সংস্কৃতিসহ নানা অঙ্গনের বিশিষ্টজনের অংশগ্রহণে মিলনমেলায় রূপ নেয়। এ বছর 'বাংলা একাডেমি সম্মানসূচক ফেলোশিপ ২০১৫' প্রাপ্তরা হলেন স্যার ফজলে হাসান আবেদ, ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, আবেদ খান, অধ্যাপক অনুপম সেন, মাহফুজ আনাম, পাপিয়া সারোয়ার ও অধ্যাপক রূপন আদনান। এ ছাড়া কবিতায় বিশেষ অবদানের জন্য মোহাম্মদ রফিককে 'মহহারুল ইসলাম কবিতাপুরস্কার ২০১৫', কবি কায়সুল হককে 'সাদত আলী আখন্দ সাহিত্য পুরস্কার ২০১৫', বিজ্ঞানসাহিত্যে অবদানের জন্য অধ্যাপক অজয় রায়কে 'মোহের কবীর বিজ্ঞানসাহিত্য পুরস্কার ২০১৪' এবং 'বিবর্তনের পাথে ইতিহাসের বাঁকে' গ্রন্থের জন্য আনিসকে 'হালীমা-শরফুদ্দীন বিজ্ঞান-লেখক পুরস্কার ১৪২০-২১' প্রদান করা হয়। পুরস্কার এবং ফেলোশিপপ্রাপ্তদের হাতে পুরস্কারের অর্থসূচী, সম্মাননাপত্র ও সম্মাননা স্মারক তুলে দেন বাংলা একাডেমির সভাপতি অধ্যাপক আনিসুজ্জামান এবং মহাপরিচালক শামসুজ্জামান খান। সাধারণ সভায় সভাপতিত্ব করেন বাংলা একাডেমির সভাপতি ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান।

এর আগে গতকাল সকালে সাংস্কৃতিক সংগঠন 'সুরের ধারা'র শিল্পীদের সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন ও ধর্মগ্রন্থ পাঠের মধ্য দিয়ে সভা শুরু হয়। এরপর দেশের প্রয়াত গুণী

ব্যক্তিত্বদের স্মরণে নীরবতা পালন করা হয়। সভায় সারা দেশ থেকে বাংলা একাডেমির ফেলো, জীবনসদস্য এবং সদস্যসভ্য প্রায় দেড় হাজার বিশিষ্ট ব্যক্তি অংশগ্রহণ করেন।

শেষ হলো খেলাঘরের শিশু-কিশোর সাংস্কৃতিক উৎসব কেন্দ্রীয় খেলাঘর আসরের শিশু-কিশোরদের সমবেত কণ্ঠে গান ধরেছে 'আমরা প্রজাপতি পাখনা মেলে হৃদয় টুয়ে, উড়ে বেড়াই'। শিশু-কিশোরদের সঙ্গে গানে গলা খেলান মিলনায়তনে আগত অনেকেই। গতকাল বিকেলে শিশু-কিশোর সাংস্কৃতিক উৎসবের



সংস্কৃতি

শুরুটা ছিল এমনই। এতে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহসুদ আলী। সভাপতিত্ব করেন খেলাঘর কেন্দ্রীয় কমিটির সভাপতিমন্ডলীর চেয়ারম্যান অধ্যাপিকা পান্না কায়সার। এদিন বিশেষ সম্মাননা দেওয়া হয় খেলাঘর কেন্দ্রীয় কমিটির সাবেক সাধারণ সম্পাদক কামাল চৌধুরী, প্রণয় সাহা ও আবদুল মতিন উইয়াকে।

'সঙ্গীত উৎসব পালিত

গানে, গল্পে, স্মৃতিকথায় সঙ্গীত চৌধুরীর ৫১তম জন্মদিন পালন করছে তাঁর প্রিয় ক্যাম্পাসের শিক্ষার্থী-সুহৃদরা। গত শুক্রবার প্রয়াত সংগীতশিল্পী, সাংবাদিক ও লেখকের জন্মদিনে 'সঙ্গীত উৎসব ২০১৫' অনুষ্ঠিত হয় তাঁর স্মৃতিবিজড়িত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাকসু চত্বরে। সঙ্গীত-ভক্তদের আয়োজনে ২০১০ সাল থেকে এ উৎসব পালিত হয়ে আসছে। এবারের আয়োজনে গানে গানে তাঁকে স্মরণ করেন সঙ্গীত চৌধুরীর সংগীতের পথচলার অন্যতম সঙ্গী বাগ্মা মঞ্জুমদার। এ ছাড়া শ্রীতম আহমেদ, জয় শাহরিয়ার, পারভেজ, রিয়াদ হাসান, সাহস মোস্তাফিজ, ফরহাদ ও তিতাস, ব্যাড-সহজিয়া, দুক, চিংকার, অনুরণ, ঘুশপোকা, ব্ল্যাকবার্ড, সাইকেল, নিরব আড্ডা ফ্রেডস, অর্জন সংগীত পরিবেশন করেন।